



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়
টাঙ্গাইল (দক্ষিণ)

ফোনঃ ০২-৯৯৭৭৫২৮৩৬

crmtangailsouth@krishibank.org.bd



এপ্রিল /২০২২ হতে জুন/২০২২ সময়কালের ৪র্থ প্রাক্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব, খালেকুজ্জামান ইয়ামিন, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, (দায়িত্বে)বিকেবি মুঃআঃকাঃ টাঙ্গাইল(দঃ)
সভার তারিখ ও সময় : ২৭ জুন ২০২২, সময় বিকাল ৩.৩০ টা।
সভার স্থান : বিকেবি মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল(দঃ)
সভায় উপস্থিত সদস্যগণের হাজিরাঃ পরিশিষ্ট“ক” অনুযায়ী।

সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থবছরের ৪র্থ প্রাক্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী অত্র কার্যালয় সহ সকল শাখায় শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য আহবান জানান।

০২। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ সময়কালের ৪র্থ প্রাক্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

- ৩.১। সকল শাখায় স্থাপিত অভিযোগ বাক্স নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোন অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক দ্রুত সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩.২। অঞ্চলের শাখা সমূহের গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস এ সংশোধন ও সংরক্ষণ অগ্রগতি পর্যালোচনা শেষে শাখাসমূহের কাজের গতি বৃদ্ধির জন্য অত্র কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনিটরিং করতে হবে।
- ৩.৩। আসন্ন বার্ষিক হিসাব সমাপনী ও ঋণ শেনী বিন্যাস কর্মক্রম জুন-২০২২ প্রধান কার্যালয় হতে সময় সময় প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক সঠিক ও নির্ভুল ভাবে বার্ষিক হিসাব সমাপনী ও ঋণ শেনী বিন্যাস কর্মক্রম বাস্তবায়ন করতে হবে।
- ৩.৪। ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়াল-২০১৮, ঋণ বুকি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৮, ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়াল-২০১৯ এবং শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে ঋণ প্রদান করতে হবে।
- ৩.৫। বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়ের ডিও লেটার নং-২০(১২৫০) তারিখঃ২৬/০৬/২০২২ সকল শাখাকে বিতরণ নিশ্চিত করতে হবে।
- ৩.৬। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে শতভাগ বাস্তবায়ন করতে হবে।
- ৩.৭। উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি আগামী অর্থ বছরের ১ম ত্রৈমাসিক/প্রাক্তিকের (জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।



(খালেকুজ্জামান ইয়ামিন)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক(দায়িত্বে)

ও
সভার সভাপতি

সূত্র নং-মুঃআঃকাঃটাং(দ)পরি-৬৮/২১-২২/ ২৮-৪৬(৬)

তারিখঃ ২৭/০৬/২০২২ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, টাঙ্গাইল(দঃ)
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি মুখ্য অঞ্চল টাঙ্গাইল(দঃ)
- ৬। অফিস নথি।



(মোঃ সাইফুর সালেক) ২৭/০৬/২২
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
গোঃ আবু সালেক
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল(দঃ)